

সলাহউদ্দীন পরভেজেরকবিতা
 অনুবাদ কমলেশ সেন
 তুমিও ঘুমিয়ে পড়ো
 তুমি কি দুটি ইমারতেরমাঝখান দিয়ে দুটি জাহাজের চলে যাওয়ার
 শব্দ শুনতে পাচ্ছেছা!

‘না’
 তুমি কি মাটির ওপর বোমাবর্ষণের প্রচণ্ড শব্দ
 শুনতে পাচ্ছেছা!

‘না’
 তুমি কি মাটির ওপর নারী শিশুবৃদ্ধার চিৎকার
 শুনতে পাচ্ছেছা!

‘না’
 তবে তুমি কি শুনতে পাচ্ছেছা!
 কিছুই শুনতে পাচ্ছি না
 এখানে বেশ আরামেই আছি
 আমরা বেশ নিশ্চিন্তেঘুমিয়ে আছি
 তুমিও ঘুমিয়েপড়ো.....

মা
 হে আমেরিকান মা, আমিতোমার চোখের জল দেখতে চাই
 হে আমেরিকান মা, আমিতোমার চোখের জলের রঙ
 আফগানিস্তানের মা-রচোখের জলের রঙের সাথে
 পরখ করতে চাই,
 হয়, এ কি হলো ...
 চোখের জল চোখের জলেরসাথে মিশে যে
 একাকার হয়ে গেল
 এখন, আমি আমার চোখের জলকার সাথে মেশাব
 ... এমন কি কেউ আছে, যেআমার চোখের জলের সাথে
 নিজের চোখের জল মিশিয়ে
 একাকার হয়ে যেতে পারে।
 তুমি খোদা হতে চাও নাকি...
 কে যেন আমারই মুখের ওপরআমারই শব্দের দরোজা বন্ধকরে দিল
 আর আমারই কথার মধ্যে
 কোথায় যেন হারিয়ে যাচ্ছে
 ‘আমি যে মারাযাচ্ছি’

হেই রেডত্রশের মানুষজনরা

হেই রেডত্রশের মানুষজনরা

ভারি বিচিত্র মানুষ তোমরা

হেই রেডত্রশের মানুষজনরা!

এতো সব জিনিসপত্র মাটিতেপড়ে রয়েছে

সেদিকে কেউ নজরই দিচ্ছ না

আরে .. এই টিরটুকরোগুলি তো তুলে নাও

এই দুধের কৌটো এইবোতল

এই চুসনিও তো দেখছি তেমনিপড়ে আছে

একেও সাথে করে নিয়ে যাও,আরে, ঐ দিকে দেখ,

আরে, ঐদিকে

ঐখানে একটা ভাঙা চশমাপড়ে আছে

চপ্পল খাতা আকাল টাইআমেরিকান ঝাঙা

আফগানি চাদর এবংপাকিস্তানি আই এস এসও আছে সেখানে

সবকিছু এখানে রেখে যাচ্ছে।

আরে .. আরে .. এইপাখিটাকে কেন ভুলে যাচ্ছে!

এতো শান্তির পাখি,পায়রা।

রত্তে মাখামাখি এই দ্বতপায়রাটাকে তো সাথে নিয়ে যাও

ওর ঠোঁটে-ধরা জৌতুনেরপাতাটাকে রেখে যেও না

ভারি বিচিত্র মানুষ তোমরা

হেই রেডত্রশের মানুষজনরা

হেই রেডত্রশের মানুষজনরা

এম্বুলেন্সে তুমি শুধু লাশ আরলাশ

বোঝাই করে নিয়ে যাচ্ছে

এক-আধটা আমার মতোজিনিসও

যদি এখান থেকে নিয়ে যেতে

তবে, আমি তোমাকে অভিনন্দনজনাতাম

হেই রেডত্রশের মানুষজনরা!

আমার সন্তানকে তুমি ফিরিয়ে দাও

এ শিশু তো দেখছি এক যাদুকর

সত্যিকারের যাদুকর

দ্যাখো... দ্যাখো... এই তোওর দুটি হাত ছিল

হঠাৎ হঠাৎই একটা

হাত উধাও হয়ে গেল

দ্যাখো.....দ্যাখো.....এইতো ওর দুটি হাত ছিলো

হঠাৎ হঠাৎ একটা পাকোথায় যেন হারিয়ে গেল



সৃষ্টিসন্ধান

আরে, এই তো ওর শরীরেরওপর একটা মুণ্ডুও ছিল
হঠাৎ, ও সেই মুণ্ডুটাকেকোথায় যেম গুম করে দিল
আরে, এই তো ওর মাথারনিচে একটা শরীর ছিল
হঠাৎ, ও সেই শরীরটাকেকোথায় ছুঁড়ে ফেলে দিল
এ শিশু তো যাদুকর
সত্যিকারের যাদুকর!
বলুন তো
এ শিশু কোন্ দেশের হতেপারে
এই এই শিশুআফগানিস্তানেরও হতে পারে
আমেরিকারও
ভারতবর্ষেরও.....
আমি এই শিশুর কে হই
আমি ... এই শিশুরজন্মদাতা, ওর পিতা
এ এ আমার শিশু
আমার সন্তানকে তুমিফিরিয়ে দাও

আফগানিস্তানের জন্যে

Phone: 98302 43310

email: editor@srishtisandhan.com